

টুমরোজ ল্যাব স্ট্রিপ

আপনারা অনেকেই মাঝে মাঝে হার্ডডিস্কের ডাটা হারান সেটা পাওয়ার ফেইলিওর হোক, ভাইরাস এ্যাটাক হোক অথবা ধরুন ভুলক্রমে হার্ডডিস্ক ফরম্যাট করে ফেলা হয়েছে—এক্ষেত্রে অনেকেরই মনে প্রশ্ন জাগে কোনো উপায় কি নেই? অনেক ধরনের ইউটিলিটি আজকাল পাওয়া যাচ্ছে যেগুলো দিয়ে এমন হার্ডডিস্কের ডাটাও বের করা যাচ্ছে যা থেকে DOS-এর আনডিলিট বা উইন্ডোজ-

তিরামিশু

এটি অনট্র্যাক ডাটা ইন্টারন্যাশনালের চমৎকার একটি ইউটিলিটি। এটির সুবিধা হলো ডিস্ক ফিজিক্যালি ব্যাড হলেও তার থেকে ডাটা বের করে আনার ঝুঁকি নিয়ে থাকে। প্রাপ্ত ডাটা বিশ্লেষণ করে পুনরায় সংঘটিত করে। তিরামিশু এমন ড্রাইভেও কাজ করে যাতে রিডেবল (Redable) বুটসেক্টর/ফ্যাট/ ডিরেক্টরি নেই। এমনকি DOS বা উইন্ডোজ ডিস্ক হিসেবেও চিনছে না



শরীফ-এর সুযোগ্য পুত্র মনিরুল ইসলাম শরীফ-এর ডেভেলপার। ১৯৯৯-এ যখন ২৬ এপ্রিল চেরনবিল তথা CIH বিশ্বের এবং এদেশের হাজার হাজার কম্পিউটার অচল করে দেয়। মনির তখন তার এ ইউটিলিটিটি সম্পূর্ণ বিনামূল্যে বিতরণ করেন। এর তিনটি সংস্করণ রয়েছে একটি আট গিগার কম আয়তনের হার্ডডিস্কের জন্য অন্য দুটি আট গিগার বেশি আয়তনের জন্য। এই ইউটিলিটিটি প্রথম ড্রাইভ FAT32 হলে ভালো কাজ করে। CIH মূলত FAT মুছে দিত আর মনিরের এ ইউটিলিটি অত্যন্ত দ্রুত ডিস্কের ডাটা পড়ে নিয়ে ফ্যাট লিখে দেয়। তবে

হার্ডডিস্ক ক্র্যাশ রিকভারি

এর স্ক্যানডিস্ক এমনকি নরটন-এর ডিস্ক উল্টরও রিকভার করতে পারেন নি। আসুন তবে জেনে নেয়া যাক সেগুলো সম্পর্কে।

Lost & Found

এটি জনপ্রিয় পাওয়ার কোয়েস্ট-এর একটি দুর্দান্ত ইউটিলিটি। পাওয়ার কোয়েস্ট-এর পার্টিশন ম্যাজিক আপনারা অনেকেই ব্যবহার করেছেন। পাওয়ার কোয়েস্ট দাবি করে যে ডিস্ক যদি অন্তত স্পিন করে তাহলেই তার থেকে ডাটা বের করে আনা যাবে Lost & Found দিয়ে। ডিস্ক ক্র্যাশ, লজিক্যাল সিস্টেম ফেইলিওর, FAT মুছে যাওয়া (CIH ভাইরাস অনেক সময় এই কাজটি করে), পার্টিশন টেবিল বদলে যাওয়া ইত্যাদি ক্ষেত্রেও এই ইউটিলিটি দারুণ কার্যকর। আমি নিজেও এটি ব্যবহার করে দেখেছি এটি মূলত DOS বেসড এবং অপারেট করা খুবই সোজা। এমন ডিস্ক থেকেও ডাটা বের করতে পেরেছিলাম যাতে নরটন ডিস্ক উল্টর অনবরত ক্র্যাশ করছিল। রিকভারকৃত ডাটা সংরক্ষণ করতে অন্য একটি হার্ডডিস্ক বা অন্য ব্যাকআপ যেমন জিপ ড্রাইভ প্রয়োজন হতে পারে। ফ্লপি়র ভরসা নেই বলে সেগুলোর কথা আর বলছি না।

এমন ড্রাইভেও তিরামিশুর সাবজেক্ট। তিরামিশু মেমরিতে অর্থাৎ র্যাম-এ একটি ভার্চুয়াল ড্রাইভ তৈরি করে (প্রচুর র্যাম থাকলে ভালো হয়)। ভার্চুয়াল ড্রাইভকে এর ফাইল ম্যানেজার দিয়ে এক্সেস করা যায়, আপনি তিরামিশুর খুঁজে পাওয়া ফাইল ও ডিরেক্টরি এখানে দেখতে পাবেন। এখন ঐ ডাটাগুলো অন্য একটি নিরাপদ ড্রাইভে কপি করে রাখতে পারেন। কাজটি বেশ সময় সাপেক্ষ বটে। আসলে তিরামিশুতে খুবই সংবেদনশীল প্যাটার্ন রিকগনিশন টেকনোলজি ব্যবহৃত হয়েছে একারণে আপনার হোপলেস ড্রাইভটিকেও অনেক সময় হোপফুল-এ রূপান্তর করতে পারে এটি। আরেকটি কথাও জানানো প্রয়োজন, তিরামিশু ডাটা নন ডেস্ট্রাক্টিভ পদ্ধতিতে পড়ে। অর্থাৎ ক্র্যাশ করা ড্রাইভে এটি কিছুই লিখে না। তাই এটি বিফল হলেও আপনি আরো কোনো ইউটিলিটির সহায়তা নিতে পারেন। উদ্ধারকৃত ডাটা অবশ্যই অন্যডিস্ক, ফ্লপি, নেটওয়ার্ক বা ডেসের ইন্টারলিঙ্কের মাধ্যমে অন্যত্র স্টোর করতে হবে। তিরামিশুর অনেকগুলো ভার্সন আছে— FAT32, FAT16, NOVELL, NTFS তবে লিনাক্স বা ইউনিক্স ভার্সন আমার হাতে আসে নি।



স্টেলার

www.stellerinfo.com ডাটা রিকভারির জন্য সেরা সফটওয়্যার-গুলোর একটি। এটি PC World-এর এডিটর'স চয়েস পুরস্কার পেয়েছিল। চেরনোবিল বা CIH ভাইরাস লক্ষ লক্ষ হার্ডডিস্ক নষ্ট করার সময় এটি দাদারসে বিক্রি হয়েছিল। এটির ইউজার ইন্টারফেস অবশ্য খুব ইউজার ফ্রেন্ডলি নয়। তবে এটিকে অনেকে সর্বসেরা রিকভারি টুল বলে থাকেন। ভারতে এটির ঠিকানা হলো— স্টেলার ইনফো সিস্টেমস, ২০৫ স্কিপার কর্নার, ৮৮ নেহরু প্লেস, নয়া দিল্লি-১১০০১১।

এম রিকভার XL

এম রিকভার মানে হচ্ছে মনির'স রিকভার। শ্রদ্ধেয় ড. রফিকুল ইসলাম

CIH ভাইরাস ছাড়াও এটি ভালো কাজ দেয়। এটিও নন-ডেস্ট্রাক্টিভ মোডে কাজ করে। ফ্যাট লিখে দেয়া ছাড়া ক্র্যাশকৃত ড্রাইভের কোনো ডাটা পরিবর্তন করে না। তাই এটি ব্যবহার করতে পারেন নিশ্চিত্তে। আমি ব্যক্তিগতভাবে অনেক হার্ডডিস্ক রিকভার করেছি যেগুলো CIH ভাইরাস দ্বারা আক্রান্ত হয় নি। এর নব্বই ভাগই ছিল ডাটা কেবল-এর সমস্যা বা এ্যাবনরমাল পাওয়ার সমস্যা থেকে সৃষ্ট। সুতরাং তিরামিশু'র মতো সফটওয়্যার দিয়ে চেষ্টা করার আগে এ জাতীয় সফটওয়্যার অর্থাৎ যেগুলো FAT পুনরুদ্ধার করার চেষ্টা করে সেগুলো আগে ব্যবহার করুন।

ক্র্যাশ প্রফ

এটি রিকভারি শুধু নয় ক্র্যাশ প্রতিরোধেও সহায়তা করে। এদের দাবি মতে—

যে-কোনো সফটওয়্যার ক্র্যাশ থেকে রক্ষা করে আপনার ডিস্ককে।

WinCIH, Worm, Explore এ জাতীয় ভাইরাস দ্বারা ডিস্ক নষ্ট হওয়া থেকে রক্ষা করে।

ক্ষতিকারক সফটওয়্যার অথবা সদ্য ফরম্যাটকৃত ডিস্ক হতে ডাটা রিকভার করা।

এছাড়াও আপনি নিয়মিত যে মেসেজগুলো আগে দেখতেন সেগুলো আর দেখবেন না— যেমন—

General Failure Reading Drive, Invalid media type error, Invalid drive specification, Invalid partition table, system fault sector Not Found এই মেসেজ দেখানোর বদলে সমস্যাগুলো সমাধানের চেষ্টা করে এই সফটওয়্যার।

মুছে যাওয়া দিনগুলি আমায় যে পিছু ডাকে স্মৃতি যেন...

উইন্ডোজ ৯৫ আসার আগে মাইক্রোসফট এরই আনডিলিট নামে একটি প্রোগ্রাম ছিল। মুছে ফেলা ফাইলকে যা দিয়ে আবার ফিরিয়ে আনা যেত। কিন্তু রিসাইকেল বিন যেহেতু ফাইলকে সরাসরি ডিলিট করে না তাই মাইক্রোসফট এ আনডিলিটকে অপ্রয়োজনীয় মনে করেছে। কিন্তু রিসাইকেল বিন খালি করার পর যদি এ ফাইলটি আপনার আবার দরকার হয়, তাহলে কী করবেন?

উইন্ডোজে Quick Format বা DOS-এ Format a:/q করলে কী হয়? কুইক ফরম্যাট কিন্তু আসলে ডাটা মুছে দেয় না শুধু ফাইল ও ডিরেকটরির নামগুলো FAT থেকে মুছে দেয়। আর যদি ফুল ফরম্যাট করেন তাহলে ফাইলের ডাটার স্থলে ফরম্যাটিং ইনফরমেশন লিখে দেয়া হয়। তাহলে আপনার কি করার আছে এসব ক্ষেত্রে? এখন আলোচনা করব এ ধরনের ইউটিলিটিগুলো নিয়েই—

Repo 2000

www.pcdiag.com.au
এটি FAT12 (ফ্লপি), FAT16 DOS, Win95A, NT40 এবং FAT32 (Win95b Win98-এর W2K, WinXP) ইত্যাদি ড্রাইভে কাজ করে, NTFS এও এটি কাজ করে। যে ড্রাইভটি Recover করতে হবে তার MBR (Master Boot Record)

অক্ষত থাকতে হবে। যে ড্রাইভ দিয়ে আপনি বুট করেছেন সেটি হতে পারবে না। হার্ডডিস্ক হলে, সেটিকে স্নেহ হিসেবে রাখুন। ইউটিলিটি বেশ ক্যাজের। আরেকটি এমন Undelete প্রোগ্রাম পাবেন—

www.alsos.com/name.html
এখন আমরা আলোচনা করব সাধারণ ব্যবহারকারীদের নিত্যপ্রয়োজনীয় কয়েকটি ইউটিলিটি তথা টুল নিয়ে—

নরটন ইউটিলিটিজ
এটি একটি অত্যন্ত জনপ্রিয় প্যাকেজ যা অনেকদিন ধরে ব্যবহৃত হয়ে আসছে। এর অন্তর্ভুক্ত রয়েছে বেশ কিছু দরকারি টুলস।

Norton Disk Doctor

এটিকে স্ক্যানডিস্ক-এর বিকল্প বলা যায় কেননা এতে অনেকগুলো এক্সট্রা ফিচার যোগ করা হয়েছে। এটি ছোটখাটো ডিস্ক বা FAT সমস্যার জন্য স্ক্যানডিস্কের তুলনায় ভালো কাজ করে। তবে আপনি যদি অভিজ্ঞ ব্যবহারকারী হন তবে ডিস্ক সমস্যার জন্য Stellar বা Lost & Found ব্যবহার করতে পারেন। কারণ গুলো শুধু ডাটা রিকভারও করে না গুলো বেশি নিরাপদ। নরটন ডিস্ক ডক্টরে কোনো কোনো ক্ষেত্রে আধমরা ডিস্ককে পুরো মেরে ফেলেছে এরকমও রিপোর্ট পেয়েছি।

Norton Unerase

মুছে যাওয়া ফাইল পুনরুদ্ধার করে। তবে এক্ষেত্রেও Lost & Found ব্যবহার করাই শ্রেয়।

নরটন ইউটিলিটিতে আরো আছে Disk Edit। এটি কিন্তু সাধারণ ব্যবহারকারীদের জন্য নয়। এটি দিয়ে Hex এবং বাইনারি মোডে ডিস্কের লেখাপড়া ও এডিট করা যায়।

Norton Utilities 8.0 for DOS-এ Disktool নামে একটি ইউটিলিটি ছিল যা Floppy ডিস্ক অনেক ক্ষেত্রে ভালোই রিকভার করতে পারত এমনকি যেগুলো NDD পড়তে পারত না। এমনি আরেকটি টুল হলো HDCopy যা ফ্লপি রিকভারিতে দুর্দান্ত কাজ করে। তবে আজকালকার ফ্লপিগুলো কেন যেন ঠিক হতে চায় না। আগে আমি এবং আমার এক কাজিন মিলে পুরনো ফ্লপি জোগাড় করতাম সেগুলো ভালো করবার জন্য বেশ অনেকগুলোই জমেছিল শেষমেশ। এখন আসলে নষ্ট ফ্লপির পেছনে সময় দেয়া মানে সময়ের অপচয়।

Nuts and Bolts

এটি McAfee এন্টিভাইরাস

নির্মাতাদের আরেকটি অবদান। অনেক ফিচার সমৃদ্ধ এ ইউটিলিটি প্যাকেজটি ইন্টারফেস ও কার্যকারিতায় Norton Utilities-এর চেয়ে ভালো।

FIX.IT Utilities

এটি আরেকটি নামকরা ইউটিলিটি। তবে আমি কখনো এটি ব্যবহার করি নি। বিভিন্ন রিভিউ থেকে জানা যায় এটি নরটন ও নাটস এন্ড বোল্টস এর থেকে দুটি দিক দিয়ে এগিয়ে— দ্রুততা এবং কম জায়গা নেয়। আদতে Norton Utilities এবং Nuts & Bolts খুবই রিসোর্স হাবরি। যেমন নেয় জায়গা তেমনি কম্পিউটারকে মন্থর করে দিতেও গুস্তাদ এরা।

কী কী ভাবে ক্র্যাশ করতে পারে আপনার সিস্টেম ?

- আমার ডিস্ক থেকে বুট হচ্ছে না।
- ডিস্ক বুট হচ্ছে কিন্তু কিছু ডিরেক্টরি মনে হচ্ছে মুছে গেছে।
- ডিরেক্টরি লিস্টিং দেখাচ্ছে না।
- লিস্টিং-এর বদলে অচেনা আজগুবি অক্ষরে ফাইল ও ফোল্ডারের নাম দেয়া যাচ্ছে।
- আমার হার্ডডিস্ক সম্পূর্ণ মুছে গেছে।
- আমার হার্ডডিস্কের কয়েকটি পার্টিশন মুছে গেছে।
- FAT-এ গুণগোল হয়েছে।
- আরো অনেক রকমের হতে পারে, সব এখানে উল্লেখ করা সম্ভব হলো না।

এবারে রইল কিছু টিপস কীভাবে ডিস্ক ক্র্যাশ মোকাবেলা করবেন।

- একেবারেই ঘাবড়াবেন না। মাথা ঠাণ্ডা রাখুন। প্রয়োজনে চা, কফি কিছু নিন এবার ক্লাস্তি কাটিয়ে কাজে বসুন।
- প্রথমেই আপনার কম্পিউটারে দুর্বল কানেকশনগুলো শনাক্ত করুন। নিশ্চিত হোন যে, সব কানেকশন যথাযথভাবে লেগে আছে। কানেকশনগুলো— পাওয়ার কানেকশন মাদারবোর্ড, হার্ডডিস্ক, প্রসেসর, ডাটা কেবল হার্ডডিস্ক ও মাদারবোর্ডে ইত্যাদি।

● আপনার CMOS বা বায়োস এর তথ্য সঠিক কি না পরীক্ষা করুন। এটি করা স্টেড হয়ে থাকতে পারে তার থেকে সমস্যা হতে পারে অথবা আপনি বা অন্যকেউ না জেনে ভুল সেটিং দিয়ে রাখলে তা আপনার ড্রাইভের ক্ষতিসাধন করতে পারে।

● আপনার ডিস্ক যদি এক্সেসিবল হয়ে থাকে তবে এটি ভাইরাস সমস্যা হয়ে থাকতে পারে। একটি ভাইরাস ফ্রি ফ্লপি বা বুটবল Win98 CD দিয়ে বুট করুন। আপনার সংগৃহীত সর্বশেষ ভার্সনের এন্টিভাইরাস সফটওয়্যার রান

করুন। যদি ভাইরাস পেয়ে থাকেন তার ব্যবস্থা নিন। সবকিছু ঠিকভাবে চললে আপনার পিসি ভালো হয়ে যাবে।

● যদি ভাইরাস রিমুভ হয়ে থাকে বা কোনো ভাইরাস পেলেন না কিন্তু ডিস্ক এখনো কাজ করছে না, তাহলে পরবর্তী পদক্ষেপগুলো মেনে চলুন।

● এখন গ্র্যাডভাল্ড টুলস যেমন— Stellar বা Lost & Found ব্যবহার করুন। স্ক্যানডিস্ক, NDD বা Disk Minder ব্যবহার করতে বলছি না কেননা সেগুলো অনেক ক্ষেত্রে Disk-কে Damage করে দেয়। যদি সেগুলো ব্যবহার করেন তবে Undo অপশনসহ রান করবেন।

● আপনার আরেকটি হার্ডডিস্ক দরকার হতে পারে ডাটা উদ্ধার করে রাখার জন্য প্রয়োজনে কোনো বন্ধুরটি ধার নিন। সব ঠিকঠাকমতো চললে আপনার ডাটা এবং ডিস্ক রিকভার করতে পারবেন আশা করা যায়। তখন আমাকে ধন্যবাদ দিতে ভুলবেন না যেন!

● তবে মনে রাখবেন আপনার যত অভিজ্ঞতা বাড়বে আপনি সিস্টেম সম্পর্কে যতটা গভীরভাবে জানবেন ততই আপনার সফল হবার সম্ভাবনা বেশি।

ডাটা রিকভার হলো— আর কিছু কি বাকি ?

● আবার চেক করুন আপনার ক্র্যাশ করা ডিস্কে কিছু রয়ে গেছে কিনা। থাকলে ব্যাকআপ করে নিন।

● ডিস্কটি ব্যবহারযোগ্য আছে ? তাহলে রিপার্টিশন করুন। Fdisk বা Partition Magic দিয়ে আগের পার্টিশন মুছে ফেলুন নতুন পার্টিশন তৈরি করুন অতঃপর ফরম্যাট করুন। নতুন করে পার্টিশন করা জরুরি কেননা পুরনো পার্টিশন টেবিল-এর ফিজিক্যাল লোকেশন যদি লজিক্যাল/ফিজিক্যাল-এর এ আক্রান্ত থাকে তা দূর হয়ে যাবে।

● ডিস্কটি আর ব্যবহার্য নেই ? না ওটি ছুড়ে ফেলবেন না। পেপার ওয়েট কিংবা ডেকোরেশন পিস হিসেবে রেখে দিতে পারেন। আপনার বন্ধুরা আপনার আইডিয়ার তারিফ করতে পারে। আরেকটি জিনিস আপনার হার্ডডিস্কের ডাটা কেবল যথাসম্ভব কম দৈর্ঘ্যের হলে ভালো হয়। আপনার হার্ডডিস্ক অযথা গরম হয়ে যাচ্ছে কিনা খেয়াল রাখুন।

■ গাজী লেনিন
ghazilenin@yahoo.com